



গুলশানে চালু হলো বিএনপির নির্বাচনী অফিস ও কল সেন্টার



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে নির্বাচনী মাঠে সাংগঠনিক প্রস্তুতি জোরালো করেছে বিএনপি। এ লক্ষ্যেই রাজধানীর গুলশানে দলটি চালু করেছে একটি আধুনিক ইলেকশন স্ট্রিয়ারিং অফিস ও বিশেষ কল সেন্টার, যা থেকে সারাদেশের কার্যক্রম সমন্বয় করা হবে।

শনিবার বিকেলে গুলশান-২ এর ৯০ নম্বর সড়কে অবস্থিত এই কার্যালয়ের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। উদ্বোধনী আয়োজনে দলের স্থায়ী কমিটির সদস্য সেলিমাহ রহমানসহ নির্বাচন পরিচালনা কমিটির একাধিক নেতা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী জানান, এই কার্যালয়ের মাধ্যমে প্রযুক্তিনির্ভরভাবে নির্বাচনী প্রচার, তথ্য সংগ্রহ ও তাত্ক্ষণিক সমস্যা সমাধান করা হবে। পাশাপাশি ১৬৫৪৩ নম্বরে চালু থাকা কল সেন্টারের মাধ্যমে নেতা-কর্মী ও সাধারণ ভোটারদের সহায়তা দেওয়া হবে বলেও তিনি জানান।

LENS ASIA